# PROSHIKA
A CENTRE FOR HUMAN DEVELOPMENT

শাখা ব্যবস্থাপক
প্রশিকা সকল শাখা
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

জুলাই ৩০,২০২৫

**বিষয় : স্বাবলম্বী প্রকল্প প্রসংগে।**

প্রিয় সহকর্মী

আপনারা অবগত আছেন যে, একটি বিশেষ অবস্থার প্রেক্ষিতে স্বাবলম্বী প্রকল্প নামে একটি ব্যবস্থা চালু করা হয়। প্রশিকার উন্নয়ন এলাকাগুলোর মধ্যে কিছু উন্নয়ন এলাকায় অর্থের যোগান আসতে ছিল। তারা এই অর্থ নির্দিষ্ট পরিমান লভ্যাংশ প্রদান করে জনগনের নিকট থেকে সংগ্রহ করতে পারছিল। আবার অনেক উন্নয়ন এলাকার অর্থের অভাবে ঋণ বিতরণ করতে সমর্থ ছিল না। ফলে সার্বিক ভাবে প্রশিকার পোর্টফলিওর প্রবৃদ্ধি হচ্ছিল না। তা থেকে স্বাবলম্বী প্রকল্পের ধারনা সৃষ্টি হয়। যাতে যে উন্নয়ন এলাকা অর্থ সংগ্রহ করবে আমানতকারীর চাহিদা অনুযায়ী তারা যেন টাকা ফেরত দিতে পারে ও অপেক্ষাকৃত দূর্বল এলাকাগুলো ঋণ বিতনের পরিমান বৃদ্ধি করতে পারবে এবং তারা ক্রমান্বয়ে স্বাবলম্বী হয়ে উঠবে। কিন্তু প্রকৃতপক্ষে যে অবস্থা দাড়িয়েছে তা হলো অনেকগুলো শাখা অফিস স্বাবলম্বী প্রকল্পের উপর নির্ভরশীল হয়ে পড়েছে। তারা সদস্যের নিকট থেকে সঞ্চয় বা আমানত সংগ্রহের চাইতে স্বাবলম্বী প্রকল্প নেয়াটা অনেক সহজ কাজ মনে করছে। এই নির্ভরশীলতা কমিয়ে তাদের সঞ্চয় বা আমানত সংগ্রহে উদ্যোগী হতে হবে। কোন মাসে স্বাবলম্বী প্রকল্প না দেয়া হলে শাখাগুলোর পোর্টফলিও হ্রাস পাচ্ছে। স্বাবলম্বী প্রকল্পের কিস্তি ফেরত দেয়ার পর ঋণ বিতরনের জন্য পর্যাপ্ত টাকা না থাকায় ক্রমান্বয়ে পোর্টফলিও হ্রাস পেতে শুরু করেছে। কোন কোন শাখা স্বাবলম্বী প্রকল্পের কিস্তি ফেরত বন্ধ বা কমিয়ে দিচ্ছে। ফলে দাতা শাখা ক্ষতিগ্রস্ত হচ্ছে। এই অবস্থা থেকে উত্তরণ প্রয়োজন।

এই অবস্থা থেকে উত্তরনের জন্য বিভিন্ন পর্যায়ে আলোচনা হয়ে নিম্নোক্ত সিদ্ধান্তগুলো গৃহীত হয়েছে :

১. স্বাবলম্বী প্রকল্পের মেয়াদ ৫ (পাঁচ) বছর করা হবে।
২. যে সকল শাখা কিস্তি ফেরত দিতে অসমর্থ বা সমস্যার সম্মুখীন হচ্ছে তাদের প্রকল্পগুলোর মেয়াদ ২বছর অর্থাৎ তিন বছর থেকে পাঁচ বছর করা হবে। তাতে কিস্তির পরিমান কমে আসবে। চলমান প্রকল্পগুলোর ঋণ স্থিতির উপর ভিত্তি করে কিস্তি নির্ধারণ করা হবে।
৩. এই রিসিডিউল করার জন্য প্রকল্প ভিত্তিক নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদনের ভিত্তিতে কেন্দ্রীয়ভাবে রিসিডিউল করা হবে।

আগষ্ট-২০২৫ মাসের মধ্যে আবেদন করতে হবে।

আশা করি এই ব্যবস্থার ফলে স্বাবলম্বী ঋণ গ্রহীতা শাখাগুলোর দায়ভার কিছুটা হ্রাস পাবে অন্যদিকে দাতা শাখাগুলোও ক্ষতিগ্রস্থ হবে না।

ধন্যবাদ-

সিরাজুল ইসলাম
প্রধান নির্বাহী
প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

সংযুক্তি: রিসিডিউল আবেদনের ফরম।

অনুলিপি :১. উপ-প্রধান নির্বাহীদ্বয়-সদয় অবগতির জন্য।
২. সংশ্লিষ্ট পরিচালক- সদয় অবগতির জন্য।
৩. কেন্দ্রীয় ব্যবস্থাপক- সদয় অবগতির জন্য ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের জন্য।

**HEAD OFFICE:** PROSHIKA BHABAN, I/1-GA, Section-2, Mirpur, Dhaka-1216.
E-mail: pmuk@proshikabd.com, proshika.muk.acfhd@gmail.com, Web: www.proshikabd.com, Cell: 01888 000 285-6

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র

------------------------------ শাখা

স্বাবলম্বী প্রকল্প

রিসিডিউলের প্রস্তাবনা

| ক্র : নং | প্রকল্প নং | ঋণের পরিমাণ | দাতা শাখার নাম | ঋণ গ্রহনের তারিখ | ঋণ স্থিতির পরিমান (আসল) | ঋণের মেয়াদ (তারিখ) | বর্ধিত মেয়াদের (তারিখ) | সার্ভিস চার্জসহ কিস্তির পরিমান (মাসিক) | কিস্তি শুরুর তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |
| | | | | | | | | | | |

শাখা ব্যবস্থাপকের স্বাক্ষর

নাম :

কর্মী নং :

হিসাবরক্ষক/ক্যাশিয়ারের স্বাক্ষর

নাম :

কর্মী নং :

কেন্দ্রীয় ব্যবস্থাপকের স্বাক্ষর

নাম :

কর্মী নং :